



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

বাংলাদেশের
স্বাধীনতা
Bangladesh



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EHN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ১৩/০৩/২০২৩ খ্রি.


বিজ্ঞপ্তি

বিষয়: টাঙ্গাইল জেলায় অনুষ্ঠিতব্য “ক্যারিয়ার ফেয়ার” এ অংশগ্রহণ ও অংশগ্রহণের নিমিত্তে শিক্ষার্থীদের “চাকুরি ও উদ্যোক্তা প্ল্যাটফর্ম” এ নিবন্ধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর প্রায় ৬ লক্ষ শিক্ষার্থী পাশ করে বের হয়। এ বিশাল জনগোষ্ঠীকে কর্মে যুক্ত করতে পারলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি বহুগুণ বেড়ে যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য চাকুরি, উদ্যোক্তা উন্নয়ন, ফ্রিল্যান্সিং, দক্ষতা উন্নয়ন ও ক্যারিয়ার গাইডেন্স প্রদানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় ও এটুআই এর যৌথ উদ্যোগে “চাকুরি ও উদ্যোক্তা প্ল্যাটফর্ম” (nu.nise.gov.bd) তৈরি করা হয়েছে। যে কোন শিক্ষার্থী এ প্ল্যাটফর্মে নিবন্ধন করে সকল চাকুরিতে অনলাইনে আবেদন, নিজেকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার সকল তথ্য, ফ্রিল্যান্সার হিসেবে দেশীয় ও আন্তর্জাতিক কাজের সাথে সম্পৃক্ত হওয়া, সরকারি/বেসরকারি সকল প্রশিক্ষণে ভর্তি হওয়ার সুযোগ ও ভবিষ্যৎ কর্ম জীবনের জন্য নিজেকে গড়ে তোলার সঠিক গাইডলাইন পাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন টাঙ্গাইল জেলার সকল কলেজের শিক্ষার্থীদেরকে এই প্ল্যাটফর্মে যুক্তকরণের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়, এটুআই ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (TTC)-টাঙ্গাইল এর যৌথ উদ্যোগে আগামী ২০ মার্চ ২০২৩, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (TTC)-টাঙ্গাইলে দিনব্যাপী ১টি “ক্যারিয়ার ফেয়ার” আয়োজন করা হয়েছে। উক্ত ক্যারিয়ার ফেয়ারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো: মশিউর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এ লক্ষ্যে কুমুদিনী সরকারি কলেজের আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী ১৫ মার্চ ২০২৩ এর মধ্যে “চাকুরি ও উদ্যোক্তা প্ল্যাটফর্ম” (nu.nise.gov.bd) এ নিবন্ধন ও নিবন্ধিত শিক্ষার্থীদেরকে ২০ মার্চ ২০২৩ “ক্যারিয়ার ফেয়ার” এ অংশগ্রহণের জন্য বলা হলো।


অধ্যক্ষ
কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল